



বিএএফ শাহীন কলেজ শমশেরনগর

উপজেলা : কমলগঞ্জ, জেলা : মৌলভীবাজার।

EIIN-135720

ওয়েব সাইট : www.bafss.edu.bd, ই-মেইল : bafss123@gmail.com

মোবাইল : ০১৭৬৯৯৭৫৭৯১, ০১৭৬৯৯৭৫৭৯২, ০১৭৬৯৯৭৫৭৯৩

ভর্তি প্রক্রিয়া (সংশোধিত) : একাদশ শ্রেণি (শিক্ষাবর্ষ : ২০২০-২০২১)

বাংলাদেশ বিমান বাহিনী কর্তৃক পরিচালিত ঐতিহ্যবাহী বিএএফ শাহীন কলেজ শমশেরনগর এ একাদশ শ্রেণিতে বাংলা মাধ্যমে **বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক** শাখায় আগামী ১৩-১৭ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে সিলেট শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিত ফলাফলের ভিত্তিতে অনলাইনে নিম্নে প্রদত্ত নির্দেশনা মোতাবেক অত্র কলেজে ছাত্র-ছাত্রী ভর্তি কার্যক্রম সম্পন্ন হবে।

১। ভর্তি প্রক্রিয়া :

ক। অত্র কলেজের ওয়েব সাইট : www.bafss.edu.bd ব্যবহার করে ১৩ সেপ্টেম্বর ২০২০ বেলা ১০০০ ঘটিকা থেকে ১৭ সেপ্টেম্বর বেলা ১৪০০ ঘটিকার মধ্যে কলেজের নির্ধারিত ফরম অনলাইনে পূরণ করতে হবে এবং প্রয়োজনীয় ফি যেমন: সেশন চার্জ, মাসিক বেতন, ভর্তি ফি, বোর্ড ফি ও অন্যান্য বাবদ মোট ২,৭১৭/- (দুই হাজার সাতশত সতের) টাকা DBBL Nexus Card/Rocket Mobile Banking এর মাধ্যমে জমা দিতে হবে।

খ। কোটাপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে অবশ্যই কোটা প্রাপ্তির উপযুক্ত প্রামাণ্য সনদ দাখিল সাপেক্ষে ভর্তি হতে হবে।

গ। অনলাইনে পূরণকৃত ফরম প্রিন্ট করে শিক্ষার্থী ও অভিভাবক এর স্বাক্ষর পূর্বক ১৭ সেপ্টেম্বর ২০২০ বেলা ১৪০০ ঘটিকার মধ্যে কলেজ অফিসে জমা দিতে হবে।

২। কলেজ হোস্টেলে আসন প্রাপ্তির আবেদন :

কলেজ হোস্টেলে আসন প্রাপ্তিতে ইচ্ছুক ছাত্রদের অবশ্যই অনলাইন ফরমের নির্ধারিত অংশ পূরণ করতে হবে।

৩। পাঠদান কার্যক্রম শুরু হলে কলেজ অফিসে পরবর্তীতে নিম্নোক্ত কাগজাদি জমা দিতে হবে :

ক। এসএসসি পরীক্ষার মূল মার্কসীট/ট্রান্সক্রিপ্ট।

খ। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত এসএসসি পরীক্ষার মূল প্রশংসাপত্র।

গ। সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (২ কপি/হোস্টেলে আবেদনকারীদের জন্য ৩ কপি)।

ঘ। শিক্ষার্থীর জন্ম নিবন্ধন কার্ডের ফটোকপি (১ কপি)।

ঙ। এসএসসি পরীক্ষার মূল মার্কসীট/ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের ফটোকপি (২ কপি করে)।

চ। এসএসসি পরীক্ষার প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (১ কপি করে)।

ছ। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১ কপি করে)।

জ। সশস্ত্র বাহিনীতে কর্মরত/অবসরপ্রাপ্ত (সেনা, নৌ, বিমান) কর্মকর্তা/কর্মচারীর সন্তান/পোষ্যদের জন্য নিম্নে উল্লেখিত কাগজপত্র জমা দিতে হবে :

(১) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র। অথবা (খ)সার্ভিস পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

ঝ। বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের যে সকল কাগজপত্র জমা দিতে হবে :

(১) বৃত্তির গেজেট এর ফটোকপি (১ কপি)।

(২) বৃত্তি সংক্রান্ত বিদ্যালয় কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(৩) শিক্ষার্থীর নিজ নামীয় ব্যাংক হিসাব নম্বর (যদি থাকে)।

তারিখ : ১০ সেপ্টেম্বর ২০২০

মোহাম্মদ মনজুরুল হাসান

গ্রুপ ক্যাপ্টেন

অধ্যক্ষ